BENGALI EDITION
GLOBAL HISTORY AND GEOGRAPHY II
THURSDAY, JUNE 15, 2023
9:15 A.M. TO 12:15 P.M., ONLY

The University of the State of New York

**REGENTS HIGH SCHOOL EXAMINATION**

# বৈশ্বিক ইতিহাস এবং ভূগোল সম্পর্কে রিজেন্টস পরীক্ষা II

**বৃহস্পতিবার,** 15 জুন 2023 — সকাল 9:15 থেকে দুপুর 12:15 পর্যন্ত শুধু

শিক্ষার্থীর নাম ______________________________________________

স্কুলের নাম ______________________________________________

**এই পরীক্ষা দেওয়ার সময় কোনো যোগাযোগের ডিভাইস সাথে রাখা বা ব্যবহার করা কঠোরভাবে নিষিদ্ধ। আপনার কাছে যদি কোনো যোগাযোগের ডিভাইস থাকে বা তা ব্যবহার করেন, তা যত সীমিত সময়ের জন্যই হোক না কেন, আপনার পরীক্ষাটি বাতিল করা হবে এবং আপনার জন্য কোনো নম্বর গণনা করা হবে না।**

উপরের লাইনগুলোতে আপনার নাম ও আপনার স্কুলের নাম লিখুন। আপনাকে একটি আলাদা উত্তরপত্র প্রদান করা হয়েছে। আপনার উত্তর-পত্রের শিক্ষার্থী সম্পর্কিত তথ্য সম্পন্ন করার জন্য প্রক্টরের দেওয়া নির্দেশাবলী অনুসরণ করুন। তারপর আপনার রচনা পুস্তিকার প্রতি পৃষ্ঠার শিরোনাম পূরণ করুন।

এই পরীক্ষায় তিনটি অংশ রয়েছে। আপনাকে সব অংশের **সব** কটি প্রশ্নের উত্তর দিতে হবে। অংশ II এবং III-তে আপনার উত্তরসমূহ লেখার জন্য কালো বা গাঢ়-নীল কালি ব্যবহার করুন।

**অংশ I** এ 28টি বহুনির্বাচনী প্রশ্ন আছে। উত্তরপত্রে যেভাবে বলা আছে সেভাবে এই প্রশ্নগুলোর উত্তর লিখুন।

**অংশ II** এ দুই সেট গঠিত-সাড়া প্রদানের প্রশ্নসমূহ (CRQ) আছে। প্রতিটি গঠিত-সাড়া প্রদানের প্রশ্নসমূহের সেট দুটি নথি দিয়ে তৈরি যার পরে আছে কয়েকটি প্রশ্ন। আপনি যখন পরীক্ষার এই অংশে পৌঁছবেন, তখন এই অংশের প্রথম পৃষ্ঠায় আপনার নাম ও আপনার স্কুলের নাম লিখবেন। এই পরীক্ষার পুস্তিকার প্রতিটি প্রশ্নের উত্তর সেই প্রশ্নের পরে দেওয়া লাইনগুলিতে লিখুন।

**অংশ III** এ পাঁচটি নথির উপর ভিত্তি করে একটি রচনামূলক প্রশ্ন রয়েছে। আপনার রচনার পুস্তিকায় এই প্রশ্নটির উত্তর লিখুন।

পরীক্ষা সম্পন্ন করার পরে আপনাকে অবশ্যই আপনার পৃথক উত্তরপত্রে মুদ্রিত ঘোষণায় স্বাক্ষর করতে হবে এই মর্মে যে পরীক্ষার আগে প্রশ্ন বা উত্তরগুলি সম্পর্কে আপনার কোনো আইন বিরুদ্ধ জ্ঞান ছিল না এবং পরীক্ষা চলাকালীন আপনি কোনো প্রশ্নের উত্তর দেওয়ার জন্য সহায়তা প্রদান করেননি বা পাননি। আপনি এই ঘোষণায় স্বাক্ষর না করলে আপনার উত্তরপত্র গ্রহণ করা যাবে না।

**সঙ্কেত না দেওয়া অবধি এই পরীক্ষার পুস্তিকা খুলবেন না।**

## অংশ I

### এই অংশের সকল প্রশ্নের উত্তর দিন।

*নির্দেশনা* (1–28): প্রত্যেকটি বিবৃতি বা প্রশ্নের জন্য, প্রদত্ত শব্দ বা রাশিগুলি থেকে সেই শব্দটি বা রাশিটির *নম্বর* পৃথক উত্তরপত্রে লিপিবদ্ধ করুন যা বিবৃতিটি সর্বোত্তমভাবে সম্পন্ন করে অথবা প্রশ্নটির উত্তর দেয়।

1 এর প্রশ্নটির উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদ ও আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> …ওসেই কোয়াদুয়ো (Osei Kwadwo) স্পষ্টতই বিশ্বাস করতেন যে অ্যাসান্টেরা [আশান্তি] শুধুমাত্র অস্ত্রের শক্তি দিয়ে তাদের অবস্থান ধরে রাখতে পারবে না। তার 13 বছরের রাজত্বের (1764–77) সময়, তিনি অনেক ক্ষেত্রে ক্ষমতা সামরিক নেতাদের কাছ থেকে বেসামরিক কর্মকর্তাদের কাছে হস্তান্তর করেন। অ্যাসান্টেরা অত্যন্ত সযত্নে এই প্রশাসনিক ব্যক্তিদের প্রশিক্ষণ দেয়। অনেক কর্মকর্তারা শিশু অবস্থায় সরকারী দপ্তরসমূহে প্রবেশ করেন এবং বছরের পর বছর কায়িক [নিম্ন-পর্যায়ের] শ্রমের কাজগুলো করতে করতে গণপরিষেবার নিয়মাবলী ও মানসিকতা সম্পর্কে নিজেদের তৈরি করেন। যদিও এই অল্পবয়স্কদের বেশিরভাগই ছিল কর্মকর্তাদের ছেলেরা, ওসেই কোয়াদুয়ো (Osei Kwadwo) নিশ্চিত করেছিলেন যেন প্রতিভাবান বহিরাগতদের জন্যও সুযোগ তৈরি হয়। প্রশিক্ষণপ্রাপ্তদের মধ্যে যারা সক্ষমতা দেখাত তাদের পদোন্নতি দেওয়া হত, এবং সর্বাপেক্ষা সক্ষমরা এক সময় গুরুত্বপূর্ণ পদসমূহ লাভ করত। এই ব্যক্তিদের নির্দেশনায়, অ্যাসান্টেরা সমগ্র আফ্রিকায় সব চেয়ে অভিজাত সমাজ হিসাবে 19তম শতাব্দীতে প্রবেশ করে।…

উৎস: Philip Koslow, *Asante: The Gold Coast,* Chelsea House Publishers, 1996

1 এই অনুচ্ছেদটি সব চেয়ে ভালভাবে যে উদ্দেশ্যে ব্যবহার করা যায় তা হল

(1) অ্যাসান্টে রাজা কীভাবে তার সরকার পুনর্গঠিত করেছিলেন তা ব্যাখ্যা করা
(2) অ্যাসান্টে সেনাবাহিনীর কর্মকর্তাদের ব্যবহৃত কৌশলসমূহ পুনরালোচনা করা
(3) অ্যাসান্টে রাজ্যের মধ্যে নানারকম শৈশবকালীন অভিজ্ঞতা সম্পর্কে আলোচনা করা
(4) অ্যাসান্টে নেতৃত্বের অধীনে প্রয়োগকৃত অর্থনৈতিক নীতিমালাসমূহ সমর্থন করা

2 ও 3 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া কার্টুন এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।



উৎস: Paris, 1789 (অভিযোজিত)

2 এই কার্টুনে কোন পরিস্থিতিটি তুলে ধরা হয়েছে?

(1) একটি জমিদারি ব্যবস্থার সূচনা যেখানে ক্ষমতা থাকে সংখ্যাগরিষ্ঠের হাতে

(2) একটি শ্রেণীবিহীন সমাজের সৃষ্টি

(3) অভিজাত ও ধর্মীয় নেতৃবৃন্দের নেতৃত্বে সৃষ্ট বিপ্লব

(4) একটি কঠোর সামাজিক শ্রেণীভিত্তিক অবকাঠামোর অস্তিত্ব

3 এই কার্টুনে দেখানো পরিস্থিতির সরাসরি ফলাফল হিসাবে কোন ঘটনাটি ঘটেছিল?

(1) রুশ বিপ্লব

(2) কৃষি বিপ্লব

(3) ফরাসী বিপ্লব

(4) সাংস্কৃতিক বিপ্লব

4 ও 5 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> …মানুষ অতিরিক্ত সকল শক্তি কোথায় খরচ করত? নিশ্চিতভাবে বলতে গেলে, আরো রান্না এবং তাপ উৎপাদনে, এবং বাষ্পচালিত জাহাজ ও ট্রেনে আরো ভ্রমণের জন্য; কিন্তু প্রধানত, মানুষ আরো জিনিসপত্র তৈরি করছিল: আরো কাপড়চোপড়, আরো যন্ত্রপাতি, আরো খাবার ও মদ, আরো কাগজ। ধাঁচটি ছিল পরিষ্কার: যত বেশি উৎপাদন হবে, তত বেশি শক্তির দরকার। আর উল্টোদিকে [বিপরীতক্রমে], যত বেশি শক্তি ব্যবহৃত হবে, তত বেশি জিনিস উৎপাদিত হবে — এবং আপনি, বা খুব সম্ভবত আপনার কর্মদাতা বা দেশ আরো বেশি ধনী হবে।
>
> কেউ হয়তো সম্প্রসারিত শিল্প বিপ্লবকে শক্তি বিপ্লবের সাথে পুনঃসম্পর্কিত [নাম পরিবর্তন] করতে পারেন, কারণ ঊনবিংশ শতাব্দীর শিল্প অর্থনীতিগুলি তাদের টিকিয়ে রাখার জন্য শক্তি অর্থনীতির সমান্তরাল উত্থান ছাড়া বিকশিত হতে পারত না। এবং দেশ থেকে দেশে, অঞ্চল থেকে অঞ্চলে শিল্পায়নের প্রসারণের সাথে সাথে শক্তির চাহিদাও বাড়তে থাকে।…

উৎস: Paul Roberts, *The End of Oil,* Houghton Mifflin Company, 2004

4 কোন অর্থনৈতিক ধারনাটি এই অনুচ্ছেদে বর্ণিত শক্তি ও শিল্প উৎপাদনের মধ্যকার সম্পর্ককে সব চেয়ে ভালভাবে বর্ণনা করে?

(1) সরবরাহ ও চাহিদা
(2) অনুকূল বাণিজ্যিক ভারসাম্য
(3) সমবায়করণ
(4) অভাব

5 কোন বিবৃতিটি এই লেখকের দৃষ্টিভঙ্গিকে সব চেয়ে ভালভাবে তুলে ধরে?

(1) শক্তির উৎসসমূহ থেকে তৈরি হওয়া দূষণের ফলে রেলওয়ের বিস্তার বাধাগ্রস্ত হয়।
(2) নতুন শক্তি প্রযুক্তিসমূহের কারণে শিল্পকারখানার উৎপাদন কমে গেছে।
(3) প্রচলিত শক্তি উৎসসমূহের উপর নির্ভরতার ফলে শিল্পায়ন আরো বেশি কর্মদক্ষ হয়েছে।
(4) শিল্পায়ন নির্ভর করত শক্তির বর্ধনশীল উৎপাদনের উপর।

6 ও 7 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদগুলি এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> …দুর্ভিক্ষের সময় আয়ারল্যান্ডের প্রাপ্ত আচরণের উপর *লাইসেজ ফেয়ারের* (*laissez faire*) প্রভাব অতিরঞ্জিত করা অসম্ভব। প্রায় কোনো ব্যতিক্রম ছাড়াই আয়ারল্যান্ডের দায়িত্বপ্রাপ্ত উচ্চপদস্থ কর্মকর্তা ও রাজনীতিবিদরা সরকারের হস্তক্ষেপ না করায় তীব্রভাবে [শক্তিশালীভাবে] বিশ্বাসী ছিলেন এবং ব্রিটিশ কর্তৃপক্ষের আচরণ তখনই ব্যাখ্যাযোগ্য [বোধগম্য] হয়ে ওঠে যখন ব্যক্তিগত ব্যবসায় তাদের তীব্র বিশ্বাস এবং সরকারী হস্তক্ষেপ বলে মনে করা যেতে পারে এমন কোনো কাজের ব্যাপারে তাদের সন্দেহ দেখা দেওয়ার কথা চিন্তা করা হয়।…

উৎস: Cecil Woodham-Smith, *The Great Hunger,* Harper & Row Publishers, 1962

> …বাজারকে কাজ করতে দেওয়া তো দূরে থাক, ইংল্যান্ড সরকারী হস্তক্ষেপের এক বিপুল কর্মসূচীর সূচনা করে, যার মধ্যে প্রধানত ছিল ওয়ার্কহাউস তৈরি করা, যেগুলোর বেশিরভাগই দুর্ভিক্ষ শুরু হওয়ার ঠিক আগে সম্পন্ন হয়ে গিয়েছিল।…
>
> এই ওয়ার্কহাউসগুলো ছিল নিউ ডিল (New Deal) তৈরি-কর্ম প্রকল্পের একটি প্রাথমিক সংস্করণ, যা দারিদ্র্য সমস্যাকে আরো তীব্র করে তুলেছিল। ব্যাপক জনসাধারণের কাজের ব্যবস্থার জন্য স্থানীয় অর্থনীতিতে প্রয়োজন হচ্ছিল মোটা অঙ্কের কর ধার্য করার। ইংরেজ কর্মকর্তারা উৎপাদনশীলতা এবং কৃষি উৎপাদনকে বৃদ্ধি করবে এমন প্রকল্পসমূহ থেকে তহবিল সরিয়ে অপ্রয়োজনীয় রাস্তা নির্মাণে তা ব্যয় করেন।…
>
> সরকারী প্রকল্পসমূহের মৌলিক ব্যর্থতার পাশাপাশি, ওয়ার্কহাউস, জনসাধারণের কাজ, এবং স্যুপ কিচেনসমূহ মানুষকে ক্রমেই আরো বড় দল এবং সঙ্কীর্ণতর বাসস্থানে আবদ্ধ করতে শুরু করে। এর ফলে দুর্ভিক্ষের প্রধান খুনী—রোগ—তার অশুভ কাজ সম্পাদনের সুযোগ পেয়ে যায়।…

উৎস: Mark Thornton, “What Caused the Irish Potato Famine?,” Mises Institute, 2008

6 এই অনুচ্ছেদগুলি সম্পর্কে কোন সিদ্ধান্তটি সঠিক?

(1) বৃটিশ কর্মকর্তারা অর্থনৈতিক সমস্যাসমূহের একটি উপযুক্ত সমাধান সম্পর্কে একমত হননি।

(2) আইরিশ কৃষকরা দুর্ভিক্ষের সময় সরকারী সাহায্য নিতে অসম্মতি জানিয়েছিল।

(3) বৃটিশদের সংশ্লিষ্টতার ফলে কৃষি উৎপাদনশীলতা বৃদ্ধি পেয়েছিল।

(4) ব্রিটেনের দীর্ঘমেয়াদী লক্ষ্য ছিল আইরিশ জাতীয়তাবাদকে সমর্থন করা।

7 এই অনুচ্ছেদগুলিতে বর্ণিত ঘটনাসমূহের একটি গুরুত্বপূর্ণ ফলাফল কী ছিল?

(1) আইরিশ জনগণের বেশিরভাগ অংশ প্রোটেস্ট্যান্ট খ্রিষ্টান ধর্ম গ্রহণ করে।

(2) আয়ারল্যান্ড পরিণত হয় কৃষিগত দিক দিয়ে ইউরোপের সব চেয়ে বৈচিত্র্যপূর্ণ দেশে।

(3) আয়ারল্যান্ডে সরকারের হস্তক্ষেপ ঘটা বন্ধ হয়ে যায়।

(4) আয়ারল্যান্ড থেকে প্রায় এক মিলিয়ন লোক দেশত্যাগ করে।

8 ও 9 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া কার্টুন এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।




উৎস: J. S. Pughe, *Puck,* 1899 (অভিযোজিত)

8 এই কার্টুনে যে পদক্ষেপটি নিতে দেখা যাচ্ছে সেটি কোন ঘটনার ফলে প্রভাবিত হওয়ার সম্ভাবনা সব চেয়ে বেশি?


(1) চিনের নৌশক্তি পশ্চিমা শক্তিগুলির বিরুদ্ধে একটি হুমকি হয়ে দাঁড়িয়েছিল।
(2) সামরিক দিক দিয়ে পশ্চিমা শক্তিগুলির তুলনায় চিন অপেক্ষাকৃত শক্তিশালী হয়ে উঠেছিল।
(3) পশ্চিমা শক্তিরা জাপানকে নিয়ন্ত্রণের রাজনৈতিক মাধ্যম খুঁজছিল।
(4) পশ্চিমা শক্তিরা এশিয়ার নতুন বাজারে প্রবেশ করতে চাইছিল।

9 এই কার্টুনে কোন ধারণাটি তুলে ধরা হয়েছে?

(1) সমাজতন্ত্র
(2) সাম্রাজ্যবাদ
(3) বিচ্ছিন্নতাবাদ
(4) শান্তিবাদ

10 থেকে 12 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া মানচিত্রসমূহ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

**মানচিত্র A** | **মানচিত্র B**




উৎস: Holt and O'Connor, *The New Exploring World History,* Globe Book Company (অভিযোজিত)

10 মানচিত্র A তে দেখানো পরিস্থিতির একটি কারণ ছিল অস্ট্রিয়ার

(1) উভয় বিশ্বযুদ্ধে জার্মানির কাছে পরাজিত হওয়া
(2) বৈচিত্র্যময় জাতিগত বিন্যাস
(3) অটোমান সাম্রাজ্যের সাথে লড়াইয়ের পর ক্ষমতা হারানো
(4) প্রধান বাণিজ্যপথগুলির পাশে অবস্থান

11 কী কারণে মানচিত্র B তে দেখানো পরিস্থিতি তৈরি হয়?

(1) প্রুশিয়ান নেতৃবৃন্দ কর্তৃক উভয়পক্ষের শত্রুর বিরুদ্ধে যুদ্ধে সাধারণ জার্মান সংস্কৃতির প্রতি আহ্বান জানানো
(2) জার্মান রাজ্যসমূহে পুরুষ ভোটারদের ভোটে নির্বাচিত একজন প্রেসিডেন্ট
(3) পটসড্যামে একটি সম্মেলনে জার্মান রাজপুত্রদের অনুমোদন
(4) জার্মান কনফেডারেশনের প্রধান ছিলেন যে সম্রাজ্ঞী তার অভিষেক

12 মানচিত্র A এবং B দ্বারা জাতীয়তাবাদ সম্পর্কিত কোন দাবিটি সব চেয়ে ভালভাবে সমর্থিত হয়?

(1) জাতীয়তাবাদ শুধুমাত্র পশ্চিম ইউরোপের দেশগুলিতেই দেখা যায়।
(2) জাতীয়তাবাদের ফলে সামরিক সংঘর্ষ ঘটতে দেখা যায়নি।
(3) জাতীয়তাবাদ একই সাথে একটি একীভূতকারী ও বিচ্ছিন্নকারী শক্তি।
(4) ইউরোপীয় দেশগুলির রাজনৈতিক গঠনে জাতীয়তাবাদ সীমিত ভূমিকা পালন করেছে।

13 থেকে 15 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

এই অনুচ্ছেদটি নেওয়া হয়েছে গান্ধীর (Gandhi) গ্রেফতার হওয়ার প্রাক্কালে লর্ড আরউইনের কাছে তার লেখা দ্বিতীয় চিঠি থেকে:

> প্রিয় বন্ধু,
>
> ঈশ্বর চাইলে, আমার ইচ্ছা হল...ধারাসানার উদ্দেশ্যে রওনা হওয়া ও আমার সাথীদের নিয়ে সেখানে পৌছানো... এবং লবণ খনিসমূহের মালিকানা দাবি করা। জনগণকে বলা হয়েছে যে ধারাসানা একটি ব্যক্তিগত সম্পত্তি। এটি স্রেফ ছদ্মবেশ ছাড়া কিছু নয়। ভাইসরয়ের বাড়ি যেমন সরকারের নিয়ন্ত্রণে, এটিও ঠিক তাই। কতৃপক্ষের অনুমোদন ছাড়া এক চিমটি লবণও সরানো সম্ভব নয়।
>
> খেলার ছলে ও দুষ্টুমি করে বলা এই তথাকথিত আক্রমণকে রহিত করার জন্য তোমার পক্ষে তিনটি উপায় রয়েছে:
>
> লবণ কর বন্ধ করে;
>
> আমাকে ও আমার দলকে গ্রেফতার করে, যদি না আমার দেশ গ্রেফতার হওয়া প্রত্যেকের বদলে আরো লোক পাঠায়, যা ঘটবে বলে আমি আশা করি;
>
> *স্রেফ গুণ্ডামি* [রক্তারক্তি] করে যতক্ষণ প্রতিটা চূর্ণ হওয়া মাথার জায়গায় নতুন মাথা এসে না দাঁড়ায়, যা ঘটবে বলেই আমি আশা করি।…

উৎস: M.K. Gandhi, *Selected Letters of Mahatma Gandhi,* May 4, 1930

13 এই চিঠিটি মূলত লেখা হয়েছিল যার প্রতিক্রিয়ায় তা হল

(1) ভারত ও পাকিস্তানের দেশভাগ
(2) ব্রিটিশ বস্ত্রসমূহের সার্বিক বর্জন
(3) অমৃতসরে মানবাধিকার লঙ্ঘন
(4) ভারতীয় সম্পদের উপর বৃটিশ একাধিপত্য

14 গান্ধীর (Gandhi) চিঠির উদ্দেশ্য ছিল

(1) তার জাতীয়তাবাদী প্রচেষ্টাসমূহ চালিয়ে যাওয়ার পরিকল্পনা সম্পর্কে বৃটিশ সরকারকে জানানো
(2) বৃটিশ ভাইসরয়কে জানানো যে তার গৃহ ব্যক্তিগত সম্পত্তি হিসাবে গণ্য
(3) লবণ উৎপাদনের উপর বৃটিশ নিয়ন্ত্রণের পক্ষে কথা বলা
(4) স্বাধীনতার জন্য ব্রিটেনের বিরুদ্ধে তার লড়াইকে ধর্ম কীভাবে প্রভাবিত করেছে তা ব্যাখ্যা করা

15 অন্য কোন নথিতে এই চিঠির অনুরূপ একটি বক্তব্য রয়েছে?

(1) ম্যান্ডেলার রিভোনিয়া বিচারের বক্তব্য
(2) জার্মানির ন্যুরেমবার্গ আইন
(3) মাও-এর লিটল রেড বুক
(4) ফ্রান্সের সন্দেহভাজন আইন

16 ও 17 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া শিরোনাম এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

**"সাম্যবাদীদের জন্য ক্ষমতা দৃঢ় করলেন স্টালিন"**
**"অ্যাডলফ হিটলার থার্ড রাইখের ঘোষণা দিলেন"**
**"মুসোলিনি ফ্যাসিস্ট স্টেটের পত্তন করলেন"**

16 কোন পরিস্থিতিটি এই শিরোনামগুলিতে বর্ণিত রাজনৈতিক ব্যবস্থাগুলির উত্থানের জন্য সব চেয়ে বেশি দায়ী ছিল?

(1) ইটালির একীভূত হওয়া
(2) আফ্রিকাকে নিয়ে ইউরোপীয় জাতিগুলির মধ্যে সংঘর্ষ
(3) বিশ্বজুড়ে অর্থনৈতিক অস্থিরতা
(4) বিশ্বশক্তি হিসাবে যুক্তরাষ্ট্রের উত্থান

17 এই শিরোনামগুলিতে বর্ণিত রাজনৈতিক ব্যবস্থাগুলির একটি সাধারণ বৈশিষ্ট্য কী?

(1) বহুজাতীয়তাবাদ
(2) পুঁজিবাদ
(3) মানবতাবাদ
(4) একদল মতবাদ

18 এর প্রশ্নটির উত্তর নিচে দেওয়া কার্টুন ও আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।




উৎস: Daniel Fitzpatrick, *St. Louis Post-Dispatch,* 1939 (অভিযোজিত)

18 এই কার্টুনে যে ঘটনা দেখানো হয়েছে, তার সাথে কোন কথাটি সব চেয়ে নিবিড়ভাবে সম্পৃক্ত?

(1) নিরস্ত্রীকরণ
(2) ব্লিটজক্রিগ
(3) হলোডোমর
(4) নিয়ন্ত্রণ

19 এর প্রশ্নটির উত্তর নিচে দেওয়া কার্টুন ও আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।




**জার্মানিতে সীমানা নেমে যাওয়া**

উৎস: David Low, *The Evening Standard,* 1946 (অভিযোজিত)

19 এই কার্টুনে দেখানো পরিস্থিতিটি যার সাথে সব চেয়ে বেশি সম্পর্কিত তা হল

(1) প্রথম বিশ্বযুদ্ধের সমাপ্তি
(2) ফ্যাসিবাদের উত্থান
(3) ইহুদি গণহত্যা
(4) ঠান্ডা যুদ্ধ

20 এর প্রশ্নটির উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদ ও আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

এটি হচ্ছে বান্দুং, ইন্দোনেশিয়ায় অনুষ্ঠিত এশিয়ান-আফ্রিকান সম্মেলনের সমাপ্তিতে প্রদানকৃত একটি ভাষণের অংশবিশেষ।

> …আমরা মহান দেশগুলির বন্ধুত্বকে মূল্য দিই এবং, যদি আপনার পক্ষ থেকে অনুমতি পাই, তাহলে আমি বলতে চাই যে আমরা ইউরোপ এবং আমেরিকার মহান দেশগুলিতে আমাদের শুভেচ্ছা পাঠাচ্ছি। ইউরোপ বা আমেরিকার বিরুদ্ধে কোনো ঘৃণা বা অপছন্দ বা আগ্রাসী মনোভাব নিয়ে আমরা এখানে মিলিত হচ্ছি না; অবশ্যই না। আমি আশা করি যে এখানে উপস্থিত আমাদের সকলের পক্ষ থেকে তাদের কাছে শুভেচ্ছা পাঠাচ্ছি, এবং আমরা তাদের সাথে বন্ধুত্ব করতে চাই ও সহযোগিতা করতে চাই। কিন্তু, আমরা শুধু ভবিষ্যতেই সেই সহযোগিতা করব এবং অবশ্যই কেবল বন্ধু ও সমস্থানীয় হব; অসমস্থানীয় জাতিদের মধ্যে বন্ধুত্ব হয় না, যখন একটি জাতি অপরটিকে মেনে চলতে বাধ্য হয় এবং অপর জাতিটি সেই জাতির উপর প্রভুত্ব করে। এই কারণেই আমরা প্রাধান্য বিস্তার ও সাম্রাজ্যবাদের বিরুদ্ধে সোচ্চার হয়েছি যার ফলে আমাদের অনেকেই দীর্ঘকাল ভুক্তভোগী, এবং সে কারণেই অন্য কোনো ভাবে প্রাধান্য বিস্তারের চেষ্টা যেন না আসে সে ব্যাপারে আমাদের অত্যন্ত সজাগ থাকতে হবে। তাই, আমরা পশ্চিমের সাথে বন্ধুত্ব করতে চাই এবং প্রাচ্যের সাথে বন্ধুত্ব করতে চাই এবং সবার সাথেই বন্ধু হতে চাই, কারণ যদি এমন কিছু থেকে থাকে যাকে এশিয়ার মন ও চেতনার প্রধান পরিচয় বলা যেতে পারে, তবে তা হচ্ছে সহনশীলতা এবং বন্ধুত্ব এবং সহযোগিতা; মারমুখীতা নয়।

উৎস: Jawaharlal Nehru, April 24, 1955

20 এই অনুচ্ছেদে নেহেরুর (Nehru) দৃষ্টিভঙ্গিকে সব চেয়ে ভালভাবে বর্ণনা করা যায় যা হিসাবে তা হল

(1) সাম্রাজ্যবাদী
(2) সামরিকবাদী
(3) জাতীয়তাবাদী
(4) সাম্যবাদী

21 ও 22 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> …এই মহাদেশে, এটি আবিষ্কারে আমাদের বেশি সময় লাগেনি যে সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়াইয়ের সমাপ্তিতে জাতীয় স্বাধীনতা অর্জন হয় না। স্বাধীনতা কেবল পাথরের মত চেপে বসা অপমানজনক নব্য-সাম্রাজ্যবাদী নিয়ন্ত্রণ ও হস্তক্ষেপ থেকে মুক্ত হয়ে আমাদের নিজস্ব অর্থনৈতিক ও সামাজিক বিষয়াদি পরিচালনার অধিকারের জন্য; আমাদের আকাঙ্খা [লক্ষ্যসমূহ] অনুযায়ী আমাদের সমাজ গড়ে তোলার জন্য একটি নতুন ও আরো বিশদ লড়াইয়ের প্রাথমিক পর্যায়।
>
> শুরু থেকেই আমরা হতাশার হুমকির মুখোমুখি হয়েছি যেখানে দ্রুত পরিবর্তন অপরিহার্য এবং অস্থিরতার হুমকি পেয়েছি যেখানে টেকসই প্রচেষ্টা এবং নির্দেশিত শাসন অপরিহার্য। কোনো বিক্ষিপ্ত কাজ বা ধার্মিক [নীতিগত] সমাধান আমাদের বর্তমান সমস্যা দূর করতে পারে না। কোনো কিছুতেই লাভ হবে না, কেবল একটি একীভূত আফ্রিকার একীভূত প্রচেষ্টা ছাড়া।
>
> আমরা ইতোমধ্যেই সেই পর্যায়ে পৌছে গেছি যেখানে আমাদের একীভূত হতে হবে বা সেই অবস্থায় ডুবে যেতে হবে যা ল্যাটিন আমেরিকাকে দেড় শতাব্দীর রাজনৈতিক স্বাধীনতার পর সাম্রাজ্যবাদের অনিচ্ছুক ও দুর্দশাগ্রস্থ শিকারে পরিণত করেছে।…

উৎস: Kwame Nkrumah, Speech Given in Addis Ababa, 1963

21 এই অনুচ্ছেদে বর্ণিত ধারণাগুলি যার ধারণাসমূহের সাথে সব চেয়ে বেশি মিলে যায় তিনি হলেন

(1) সাইমন বলিভার (Simón Bolívar)
(2) উইনস্টন চার্চিল (Winston Churchill)
(3) দেং শাওপিং (Deng Xiaoping)
(4) ম্যারি ওলস্টোনক্র্যাফট (Mary Wollstonecraft)

22 এই অনুচ্ছেদ অনুসারে, কোয়ামে নক্রুমাহ'র (Kwame Nkrumah) দৃষ্টিকোণকে কোন উক্তিটি সব চেয়ে ভালভাবে বর্ণনা করে?

(1) আফ্রিকার জাতিসমূহকে অবশ্যই ল্যাটিন আমেরিকা কর্তৃক বিজিত হওয়া এড়িয়ে চলতে সতর্ক হতে হবে।
(2) এখন যেহেতু আফ্রিকার জাতিসমূহ স্বাধীনতা অর্জন করেছে, তাদের সংগ্রাম শেষ হয়েছে।
(3) আফ্রিকার জাতিসমূহকে অবশ্যই নব্যসাম্রাজ্যবাদীদের হাত থেকে নিজেদের রক্ষা করতে একতাবদ্ধ হতে হবে।
(4) আফ্রিকার জাতিগুলি স্বাধীন জাতি হিসাবে থাকার চেয়ে উপনিবেশ হিসাবেই বেশি ভাল ছিল।

23 ও 24 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া নথি এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

## নথি A

…একটি জয়/জয় ফলাফলের জন্য আমাদের বাস্তবতার মুখোমুখি হওয়া প্রয়োজন। পরস্পরবিরোধী চাহিদাসমূহকে পরস্পরের সাপেক্ষে ঠাণ্ডা মাথায় সমাধান করতে হবে — সেই সব পরস্পরবিরোধী চাহিদা যেমন:

বিনিয়োগকারী, জমির মালিক, ব্যবসায়ী, পেশাজীবী লোকজন এবং বেতনভোগী কর্মজীবীদের অর্থনৈতিক স্বার্থ রক্ষার সাপেক্ষে স্বল্প-সুবিধাপ্রাপ্তদের উন্নত জীবনযাত্রার দাবি।

সংখ্যাগরিষ্ঠের দাবির বিরুদ্ধে সংখ্যালঘুদের আধিপত্যের শিকার হওয়ায় অংশগ্রহণ এবং তা থেকে সুরক্ষা — যদিওবা তা স্থাপিত [গঠিত] হয় — গণতান্ত্রিকভাবে প্রাপ্ত ক্ষমতার জন্য।

একটি সাধারণ আনুগত্য সহ একটি একক জাতিসত্তার প্রয়োজনের বিপরীতে আমাদের জনসংখ্যার বৈচিত্র্যের স্বীকৃতি এবং যথাযথ সুবিধা পাওয়া।

ভাষা ও সংস্কৃতির সাথে সম্পর্কিত শিক্ষার প্রয়োজনের বিপরীতে একটি একক শিক্ষা ব্যবস্থার প্রয়োজনীয়তা।

সুতরাং আমি চালিয়ে যেতে পারি। এই চ্যালেঞ্জের মূল বিষয়টি হল আমাদের সকলের এটি শেখা যে শুধুমাত্র আমাদের মানানসই সত্যকে প্রচার [প্রসারণ] করা যাবে না, বরং সেই সত্য দেখতে এবং বুঝতে সক্ষম হতে হবে যা আমাদের ক্ষেত্রে উপযুক্ত নাও হতে পারে — এবং তারপর সবাই মিলে, এমন একটি সমাধান বের করতে হবে যা সম্পূর্ণ সত্যকে বিবেচনায় রাখে এবং এটিকে সঠিকভাবে মোকাবেলা করে।…

উৎস: Excerpt from Opening Statement by State President F. W. de Klerk, Convention for a Democratic South Africa, December 20, 1991

## নথি B

নেলসন ম্যান্ডেলা (Nelson Mandela) এবং এফ. ডব্লিউ. ডি ক্লার্ক (F. W. de Klerk) নোবেল শান্তি পুরস্কার গ্রহণ করছেন, 1993




উৎস: Gerard Julien, Australian Broadcasting Company, December 1993

23 এই নথিসমূহের উপর ভিত্তি করে, দক্ষিণ আফ্রিকায় সংঘর্ষের বিষয়ে ম্যান্ডেলা (Mandela) এবং ডি ক্লার্ক (de Klerk) কোন পদ্ধতিটি ব্যবহার করেছেন?

(1) বহিরাগত সামরিক হস্তক্ষেপ
(2) রাজনৈতিক সমঝোতা
(3) একটি রক্তক্ষয়ী বিপ্লব
(4) আন্তর্জাতিক অর্থনৈতিক নিষেধাজ্ঞা

24 নথি B তে দেখানো তথ্য অনুযায়ী, ম্যান্ডেলা (Mandela) এবং ডি ক্লার্ককে (de Klerk) এমন একটি রাজনৈতিক ব্যবস্থা স্থাপনে সম্মত হওয়ার জন্য সম্মান জানানো হচ্ছে যা

(1) সার্বজনীন ভোটাধিকার প্রদান করেছিল
(2) জাতিসমূহের পরিপূর্ণ বিচ্ছিন্নতা বাধ্যতামূলক করেছিল
(3) শুধুমাত্র একটি রাজনৈতিক দলের অনুমোদন দিয়েছিল
(4) সকল প্রধান শিল্পসমূহকে জাতীয়করণ করেছিল

25 ও 26 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

…তিউনিশিয়া এবং মিশর উভয় জায়গাতেই ব্লগসমূহের রাজনৈতিক আলাপচারিতায় জনপ্রিয় অভিমতের প্রতিফলন [ইঙ্গিত] দেখা গেছে। তিউনিশিয়ায়, স্বাধীনতা, গণতন্ত্র এবং বিপ্লব নিয়ে ব্লগ ও টুইটারে আলোচনা থেকে প্রায়ই সাথে সাথে গণ বিক্ষোভের জন্ম হয়েছে। বেন আলি যে দিন তার দায়িত্ব থেকে পদত্যাগ করলেন (14 জানুয়ারি) সে দিন ব্লগের বিশ শতাংশ তার নেতৃত্ব মূল্যায়ন করছিল, যা তার আগের মাসে ছিল কেবল 5 শতাংশ। পরবর্তীকালে [এর পরে], তিউনিশিয়ান ব্লগের প্রাথমিক বিষয় ছিল "বিপ্লব" যতক্ষণ না অন্তত 100,000 জন লোকের একটি জনসভা শেষ পর্যন্ত পুরনো শাসকগোষ্ঠীর অবশিষ্ট নেতাদের ক্ষমতা ত্যাগ করতে বাধ্য করে।

তিউনিশিয়া এবং মিশর উভয় বিপ্লবের ক্ষেত্রেই, আলোচনা ছড়িয়ে পড়েছিল সীমান্ত ছাড়িয়ে। মুবারকের পদত্যাগের পরের দুই সপ্তাহে, মিশরের পার্শ্ববর্তী দেশগুলো থেকে সেখানকার রাজনৈতিক অবস্থা সম্পর্কে প্রতি দিন গড়ে 2,400 টুইট করা হচ্ছিল। তিউনিশিয়ায় বেন আলির পদত্যাগের পর, প্রতি দিন প্রায় 2,200 টুইট করা হচ্ছিল।

"অন্যভাবে বলতে গেলে," হাওয়ার্ড [যোগাযোগ বিভাগের অধ্যাপক] বলেন, "পুরো অঞ্চল জুড়ে মানুষ সামাজিক আন্দোলন সম্পর্কে একটি বিস্তীর্ণ আলাপচারিতায় জড়িয়ে পড়েছিল। মিশর এবং তিউনিশিয়ায় রাজনৈতিক পরিবর্তনের দাবির সফলতার ফলে অন্যান্য দেশের মানুষরাও সেই আলাপচারিতায় যোগ দেয়। এর ফলে পুরো অঞ্চল জুড়ে আলোচনা সৃষ্টিতে সাহায্য পাওয়া যায়।"…

উৎস: Catherine O'Donnell, "New Study Quantifies Use of Social Media in Arab Spring," *UW Today,* September 12, 2011


25 সোশাল মিডিয়া ব্যবহার সম্পর্কে কোন বিবৃতিটি এই অনুচ্ছেদের মাধ্যমে সব চেয়ে ভালভাবে সমর্থিত হয়?

(1) তিউনিশিয়া এবং মিশরের গণবিক্ষোভে টুইটার ব্যবহারের প্রভাব ছিল সামান্য।
(2) গণ আন্দোলনে উৎসাহ দিতে রাজনৈতিক অধিকার সংক্রান্ত অনলাইন আলোচনা ভূমিকা রেখেছিল।
(3) মিশরীয় এবং তিউনিশিয়ান সরকার সোশাল মিডিয়ার ব্যবহার সীমিত করতে সফল হয়েছিল।
(4) রাজনৈতিক পুনর্গঠন সীমিত করতে নেতৃবৃন্দ সোশাল মিডিয়ায় প্রচারণা চালাতে সক্ষম হয়েছিলেন।

26 এই অনুচ্ছেদে বর্ণিত রাজনৈতিক অবস্থা আছে এমন এলাকাগুলিতে সোশাল মিডিয়া ব্যবহার কীভাবে প্রভাব ফেলার সম্ভাবনা সব চেয়ে বেশি?

(1) দমনমূলক সরকারদের ক্ষমতা ধরে রাখতে বেশি অসুবিধা হবে।
(2) লিবারেল ডেমোক্র্যাটরা রাজনীতিতে অংশগ্রহণ ক্রমশ বাড়তে দেখবেন।
(3) বিচ্ছিন্ন সমাজগুলি সহজেই আরো গণতান্ত্রিক পন্থাসমূহ অবলম্বন করবে।
(4) প্রযুক্তিগতভাবে অগ্রসর সমাজগুলি সক্রিয়ভাবে রাজনৈতিক দুর্নীতিকে উৎসাহিত করবে।

27 ও 28 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া জনসংখ্যা গ্রাফ ও অনুচ্ছেদ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।




উৎস: "World Population Highlights 2007: Overview of World Population," Population Reference Bureau Online, 2007 (অভিযোজিত)

> …এই দুর্ভাগ্যজনক ভবিষ্যৎ [বৈশ্বিক ক্ষুধা] বাস্তবে পরিণত হওয়ার আগেই, সবুজ বিপ্লব পৃথিবীর কৃষিকে বদলে দিয়েছে, বিশেষ করে গম ও ধানকে। বাছাইমূলক প্রজননের মাধ্যমে, নর্মান বোরলাগ (Norman Borlaug) নামক একজন আমেরিকান জীববিজ্ঞানী গমের একটি বামন প্রকরণ তৈরি করেন যা এর দীর্ঘ, অপাচ্য কাণ্ড তৈরি করার বদলে বেশিরভাগ শক্তি ব্যয় করে খাওয়ার উপযোগী শস্যদানা তৈরিতে। ফলাফল: প্রতি একরে আরো বেশি শস্য। ফিলিপাইনের আন্তর্জাতিক ধান গবেষণা ইনস্টিটিউট (International Rice Research Institute, IRRI) একই রকম কাজ করে পৃথিবীর প্রায় অর্ধেক জনসংখ্যাকে খাবার যোগানো শস্যের উৎপাদনে উন্নতি নিয়ে আসে।
>
> 1960 থেকে শুরু করে 1990 এর দশকের মধ্যে, এশিয়ায় ধান এবং গমের উৎপাদন দ্বিগুণ হয়ে যায়। এমনকি মহাদেশটির জনসংখ্যা 60 শতাংশ বৃদ্ধি পাওয়ার পরেও, শস্যের দাম কমে যায়, এশিয়ানদের গড় ক্যালরি গ্রহণ প্রায় এক তৃতীয়াংশ বেড়ে যায়, এবং দারিদ্র্যের হার নেমে আসে অর্ধেকে। বোরলাগ যখন 1970 সালে নোবেল পুরস্কার পেলেন, তখন তার বিবৃতিতে বলা হয়েছিল, "এই যুগের যে কোনো মানুষের তুলনায় তিনি একটি ক্ষুধার্ত পৃথিবীকে রুটি যোগাতে বেশি ভূমিকা রেখেছেন।"…

উৎস: Tim Folger, "The Next Green Revolution," *National Geographic,* October 2014

27 এই জনসংখ্যা গ্রাফ অনুসারে, 2050 সালে পৃথিবীর জনসংখ্যা আনুমানিক কত হতে পারে?

(1) 1 বিলিয়ন
(2) 3 বিলিয়ন
(3) 9 বিলিয়ন
(4) 10 বিলিয়ন

28 এই *ন্যাশনাল জিওগ্রাফিক (National Geographic)* প্রবন্ধটি অনুসারে, নর্মান বোরলাগকে (Norman Borlaug) কেন নোবেল শান্তি পুরস্কার দেওয়া হয়েছিল?

(1) তিনি পৃথিবীর কৃষি উৎপাদনকে বদলে দিয়েছিলেন।
(2) তিনি দুর্ভিক্ষপিড়িত এলাকাসমূহে বাড়তি জনসংখ্যা কমাতে সক্ষম হয়েছিলেন।
(3) তিনি দুর্ভাগা জনগোষ্ঠীর মধ্যে খাদ্য দান করার মাধ্যমে দারিদ্র্য নির্মূলের চেষ্টা করেছিলেন।
(4) তিনি শস্য উৎপাদনের স্থান ফিলিপাইনে নিয়ে যাওয়ার মাধ্যমে দুর্ভিক্ষের অবসান করেছিলেন।

নাম ____________________ স্কুল ____________________

**প্রদত্ত স্থানে 29–34b প্রশ্নগুলোর উত্তর লিখুন। এই প্রশ্নগুলোর উত্তর দিতে কাল বা গাঢ়-নীল কালির কলম ব্যবহার করুন।**

## অংশ II

## অল্প-কথায় উত্তর গঠিত-সাড়া প্রদানের প্রশ্নসমূহ (CRQ)

**এই প্রশ্নগুলো সাথে থাকা নথিগুলোর উপর ভিত্তি করে তৈরি এবং ঐতিহাসিক নথি নিয়ে আপনার কাজ করার ক্ষমতা পরীক্ষা করার জন্য তৈরি করা হয়েছে। প্রতিটি গঠিত-সাড়া প্রদানের প্রশ্নসমূহ (CRQ) সেট দুটি নথি দিয়ে তৈরি। এই প্রশ্নের উদ্দেশ্যে এই নথিগুলোর মধ্যে কয়েকটি সম্পাদিত হয়েছে। মনে রাখবেন, কোনো নথিতে ব্যবহৃত ভাষা ও ছবি সেই নথি তৈরি করার সময়ের ঐতিহাসিক পরিপ্রেক্ষিতকে প্রতিফলিত করতে পারে।**

অংশ II-এ আপনার উত্তর দেওয়ার সময়, এই ব্যাখ্যাগুলো অবশ্যই মনে রাখবেন:

**সনাক্ত করুন**—মানে হলো, একটি নাম দেওয়া বা নাম করা।

**ব্যাখ্যা করুন**—অর্থ সরল করা বা বোঝা যায় এমন করা; কোনো কিছুর জন্য কারণ দেওয়া বা কোনো কিছুর কারণ বলা; কোনো কিছুর যুক্তিসম্মত বিকাশ বা কোনো কিছুর সাথে সম্পর্ক।

---

### সংক্ষিপ্ত-উত্তর CRQ সেট 1 কাঠামো

- প্রশ্ন 29 নথি 1 ব্যবহার করে (প্রসঙ্গ)
- প্রশ্ন 30 নথি 2 ব্যবহার করে (উৎস)
- প্রশ্ন 31 নথি 1 ও 2 ব্যবহার করে (নথিগুলোর মধ্যে সম্পর্ক)

---

### সংক্ষিপ্ত-উত্তর CRQ সেট 2 কাঠামো

- প্রশ্ন 32 নথি 1 ব্যবহার করে (প্রসঙ্গ)
- প্রশ্ন 33 নথি 2 ব্যবহার করে (উৎস)
- প্রশ্ন 34a ও 34b নথি 1 ও 2 ব্যবহার করে (নথিগুলোর মধ্যে সম্পর্ক)

---


***CRQ সেট 1 নির্দেশনা* (29–31):** নথিগুলো বিশ্লেষণ করুন এবং প্রতিটি নথির নিচে প্রদত্ত স্থানে সংক্ষিপ্ত-উত্তরের প্রশ্নগুলোর উত্তর দিন।

29 এর প্রশ্নটির উত্তর নিচে দেওয়া নথি 1 ও আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

## নথি 1

এই খোদাইচিত্রগুলিতে যুক্তরাজ্যের খনি ও কোলিয়ারিগুলিতে (কয়লা খনি ভবন) শিশুদের কাজ করতে দেখা যাচ্ছে।

**খনিতে কাজ করার ধরণ**



উৎস: *The Condition and Treatment of the Children Employed in the Mines and Collieries of the United Kingdom,* William Strange, 21 Paternoster Row, 1842

29 এই খোদাইচিত্রগুলিতে দেখানো পরিস্থিতি যে ঐতিহাসিক ঘটনাবলীর ফলে তৈরি হয়েছিল তা ব্যাখ্যা করুন। [1]

Score

30 এর প্রশ্নটির উত্তর নিচে দেওয়া নথি 2 ও আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

## নথি 2

> . . .ভিক্টোরিয়ার শাসনামলের শেষ দিকে আরো বেশি উন্নতি সাধিত হয়। 1878 সালের কারখানা আইন (Factory Act) 10 বছরের আগে কাজ করা নিষিদ্ধ করে যা সকল ক্ষেত্রেই কার্যকর ছিল। এটি আরো বেগবান [শক্তিশালী] হয় 1880 সালের শিক্ষা আইনের (Education Act) ফলে, যা 10 বছর বয়স পর্যন্ত বাধ্যতামূলক শিক্ষার প্রচলন করে। উত্তরোত্তর [পরবর্তী] সংশোধনগুলি স্কুল-ত্যাগ করার বয়সকে 12 তে নিয়ে যায়, যেখানে শিক্ষার্থীরা পঠন, লেখন এবং পাটিগণিতে প্রয়োজনীয় মান অর্জন করলে সেই বয়সের আগেই স্কুল ছাড়ার জন্য তৈরি ব্যতিক্রমও [ছাড়] ছিল। ভিক্টোরিয়ার শাসনামল যখন শেষ হয়, তখন প্রায় সকল শিশুই 12 বছর বয়স পর্যন্ত স্কুলে যাচ্ছে। এতে এটি নিশ্চিত করা সম্ভব হয় যে ভিক্টোরিয়ার শাসনামলের শুরু এবং শেষের মধ্যে শিশু উন্নয়নে একটি চিহ্নিত উন্নতি সাধিত হয়। . . .

উৎস: Emma Griffin, "Child Labour," *British Library,* May 14, 2014

30 এই অনুচ্ছেদের উপর ভিত্তি করে, 1880 সালের প্রাথমিক শিক্ষা আইনের (Elementary Education Act) প্রয়োজনীয়তা ব্যাখ্যা করুন। [1]

________________________________________

________________________________________

________________________________________

Score

31 এর প্রশ্নটির উত্তর নিচে দেওয়া নথি 1 ও 2 ***উভয়*** এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

**কারণ**—বলতে এমন বিষয়কে বোঝায়, যা কোনো ঘটনা সংঘটিত হওয়ার পেছনে কাজ করে, কোনো ধারণা সৃষ্টিতে প্রভাব ফেলে বা কোনো কিছু বিকশিত হওয়ার পেছনে দায়ী থাকে।

**প্রভাবঘটনা**—একটি ধারনা বা একটি বিকাশের পরিণামস্বরূপ যা ঘটে (ফলাফল, প্রভাব, পরিণতি)।

31 এই নথিগুলোতে প্রাপ্ত ঘটনা এবং/অথবা ধারণাগুলোর মধ্যে কারণ-ও-প্রভাবের মধ্যকার সম্পর্ক সনাক্ত করুন ***এবং*** ব্যাখ্যা করুন। আপনার উত্তরে নথি 1 ও 2 ***উভয়*** থেকে অবশ্যই প্রমাণ ব্যবহার করবেন। [1]

Score

এই পৃষ্ঠাটি ইচ্ছাকৃতভাবে ফাঁকা রাখা হয়েছে।

***CRQ সেট 2 নির্দেশনা* (32–34b):** নথিগুলো বিশ্লেষণ করুন এবং প্রতিটি নথির নিচে প্রদত্ত স্থানে সংক্ষিপ্ত-উত্তরের প্রশ্নগুলোর উত্তর দিন।

32 এর প্রশ্নটির উত্তর নিচে দেওয়া নথি 1 ও আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

## নথি 1

### বিশ্ব ব্যাংকের কাজ

গত 70 বছরে বিশ্ব অর্থনীতিতে গুরুত্বপূর্ণ পরিবর্তন দেখা গেছে। সেই সময়ের মধ্যে, বিশ্ব ব্যাংক গ্রুপ—বিশ্বের বৃহত্তম উন্নয়ন সংস্থা—ঋণ এবং উপযোগী জ্ঞান ও পরামর্শ প্রদানের মাধ্যমে 100 টিরও বেশি উন্নয়নশীল দেশ ও পরিবর্তনশীল দেশগুলিকে এই পরিবর্তনগুলির সাথে মানিয়ে নিতে সাহায্য করার জন্য কাজ করেছে৷ দেশের সরকার, বেসরকারী খাত, নাগরিক সমাজ সংস্থা, আঞ্চলিক উন্নয়ন ব্যাংক, থিঙ্ক ট্যাঙ্ক এবং অন্যান্য আন্তর্জাতিক সংস্থাগুলির সাথে জলবায়ু পরিবর্তন, সংঘাত, এবং খাদ্য নিরাপত্তা থেকে শুরু করে শিক্ষা, কৃষি, অর্থ এবং বাণিজ্য সংক্রান্ত সমস্যাসমূহ নিয়ে এই ব্যাংক গ্রুপটি কাজ করে। এই সমস্ত প্রচেষ্টা 2030 সালের মধ্যে চরম দারিদ্র্যের অবসান এবং সমস্ত দেশের সবচেয়ে দরিদ্রতম 40 শতাংশ জনসংখ্যার সমন্বিত উন্নয়নকে বৃদ্ধি করার জন্য ব্যাংক গ্রুপটির যে লক্ষ্য তাকে সমর্থন করে।

1944 সালে প্রতিষ্ঠিত হওয়া আন্তর্জাতিক পুনর্গঠন ও উন্নয়ন ব্যাংক—যা শীঘ্রই বিশ্ব ব্যাংক হিসাবে পরিচিত হয়—পাঁচটি উন্নয়ন সংস্থার একটি ঘনিষ্ঠভাবে সম্পর্কযুক্ত গ্রুপে বিস্তৃত হয়েছে। শুরুতে, এর ঋণগুলি দ্বিতীয় বিশ্বযুদ্ধে বিধ্বস্ত দেশগুলির পুনর্গঠনে সাহায্য করত। ধীরে ধীরে, এর মনোযোগ পুনর্গঠন থেকে উন্নয়নের দিকে সরে আসে, যেখানে সব চেয়ে বেশি গুরুত্ব পায় বাঁধ, বৈদ্যুতিক গ্রিড, সেচ ব্যবস্থা, এবং পথঘাটের মতো অবকাঠামোগুলি। 1956 সালে আন্তর্জাতিক অর্থ সংস্থা চালু হওয়ার সাথে সাথে, এই প্রতিষ্ঠানটি উন্নয়নশীল দেশগুলির বেসরকারী কোম্পানি ও অর্থনৈতিক সংস্থাগুলিকে ঋণ প্রদানে সক্ষম হয়। এবং 1960 সালে আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা প্রতিষ্ঠিত হওয়ার ফলে দরিদ্রতম দেশগুলির উপর বেশি জোর দেওয়া হয়, যা ছিল ব্যাংক গ্রুপটির প্রাথমিক লক্ষ্য হয়ে ওঠা দারিদ্র্য দূরীকরণের দিকে অবিচল পরিবর্তনের অংশ। আন্তর্জাতিক বিনিয়োগ সংক্রান্ত বিবাদ নিষ্পত্তি কেন্দ্র এবং বহুপাক্ষিক বিনিয়োগ নিশ্চয়তা এজেন্সির পরবর্তী সূচনার ফলে উন্নয়নশীল দেশগুলির চাহিদার সাথে বৈশ্বিক আর্থিক সংস্থানগুলিকে সংযুক্ত করার জন্য ব্যাংক গ্রুপটির ক্ষমতা আরো বেশি কেন্দ্রীভূত হতে সক্ষম হয়।

উৎস: The World Bank, 2019

32 যে ঐতিহাসিক পরিস্থিতির ফলে বিশ্ব ব্যাংক স্থাপিত হয়েছিল তা ব্যাখ্যা করুন। [1]

Score

33 এর প্রশ্নটির উত্তর নিচে দেওয়া নথি 2 ও আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

## নথি 2

1970 এর দশকের শুরু দিকে, বাংলাদেশ স্বাধীনতার জন্য পাকিস্তানের সাথে যুদ্ধ করে ও জয়ী হয়। মুহম্মদ ইউনুস (Muhammad Yunus), একজন বাংলাদেশী ও অর্থনীতির অধ্যাপক, বাংলাদেশের মানুষের চরম দারিদ্র্য নিজ চোখে দেখেন এবং তাদেরকে এই দারিদ্র্য থেকে উত্তরণে সাহায্য করার জন্য নিজেকে নিয়োজিত করেন। আজ পর্যন্ত, ইউনুস 1983 সালে বাংলাদেশে গ্রামীন ব্যাংক স্থাপন করেছেন যা একটি ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান, যা সারা পৃথিবী জুড়ে কাজ করে যাচ্ছে।

> …দরিদ্ররা যে সমস্যায় পড়ে তার জন্য তাদেরকে দোষ দেওয়া খুবই সহজ। কিন্তু আমরা যখন আমাদের সৃষ্ট প্রতিষ্ঠানগুলি এবং তারা কীভাবে দরিদ্রদের সেবায় ব্যর্থ হয়েছে তা দেখি, তখন বুঝতে পারি যে ওই প্রতিষ্ঠানগুলি এবং তাদের পশ্চাদপদ চিন্তাধারাকেই এখানে বেশিরভাগ দোষ দেওয়া উচিত।
>
> গ্রামীন ব্যাংকে, আমরা অর্থনৈতিক বিভক্তিকে [বৈষম্য] চ্যালেঞ্জ করেছি। আমরা সর্বাপেক্ষা দরিদ্রদের ব্যাংক ঋণ দিয়েছি। আমরা সেই হতদরিদ্র নারীদের সাথে রেখেছি যারা তাদের সমস্ত জীবনে কোনো টাকা স্পর্শও করেনি। আমরা নিয়মকে অগ্রাহ্য করেছি। পথের প্রতি পদে পদে, সবাই আমাদের চিৎকার করে বলেছে, "তোমরা তোমাদের টাকা অপচয় করছ! যে টাকা তোমরা ধার দিচ্ছ তা কখনও ফিরে আসবে না। তোমাদের এই ব্যবস্থা এখন কাজ করলেও, খুব তাড়াতাড়ি তা ধ্বসে পড়বে। বিস্ফারিত হবে এবং হারিয়ে যাবে।"
>
> কিন্তু গ্রামীন ব্যাংক বিস্ফারিত হয়নি এবং হারিয়েও যায়নি। বরং, এটি আরো সম্প্রসারিত হয়েছে এবং আরো বেশি মানুষের কাছে পৌছেছে। আজ, এটি বাংলাদেশের 78,000 গ্রামে প্রায় সত্তর লক্ষ দরিদ্র মানুষকে ঋণ দিচ্ছে, যাদের 97 শতাংশ হচ্ছে নারী।…

উৎস: Muhammad Yunus, *Creating a World Without Poverty,* Public Affairs, 2007

33 *দারিদ্র্যমুক্ত বিশ্ব তৈরি* (*Creating a World Without Poverty*) থেকে নেওয়া এই অংশটুকুর উপর ভিত্তি করে, বাংলাদেশে দারিদ্র্য সম্পর্কে মুহম্মদ ইউনুসের (Muhammad Yunus) দৃষ্টিভঙ্গিকে চিহ্নিত করুন। [1]

Score

**সাদৃশ্য**—বলতে বোঝায়, কেমনভাবে কোনো কিছুর সাথে অন্য কিছুর মিল হয় বা অন্য কিছুর সমান হয়।

**পার্থক্য**—বলতে বোঝায়, কেমনভাবে কোনো কিছুর সাথে অন্য কিছুর অমিল হয় বা অন্য কিছুর সমান হয় না।

34a–34b নথি 1 ও 2 ***উভয়*** থেকে প্রমাণ এবং সমাজ বিজ্ঞান সম্পর্কে আপনার জ্ঞান ব্যবহার করে:

a) বিশ্ব ব্যাংক এবং গ্রামীন ব্যাংকের কাজের মধ্যে একটি পার্থক্য ***বা*** একটি মিল শনাক্ত করুন। [1]

b) উভয় নথি থেকে প্রমাণ ব্যবহার করে আপনার শনাক্তকৃত সাদৃশ্য ***বা*** পার্থক্য ব্যাখ্যা করুন। [1]

34a Score

34b Score

## অংশ III

## (প্রশ্ন 35)

## দীর্ঘস্থায়ী সমস্যা সংক্রান্ত রচনা

প্রশ্নটি তার সাথে থাকা নথিগুলির উপর ভিত্তি করে তৈরি। এই প্রশ্নটি ঐতিহাসিক নথিপত্রসমূহ নিয়ে আপনার কাজ করার ক্ষমতা পরীক্ষা করার জন্য প্রণয়ন করা হয়েছে। এই প্রশ্নের উদ্দেশ্যে এই নথিগুলোর মধ্যে কয়েকটি সম্পাদিত হয়েছে। আপনি নথিপত্রসমূহ বিশ্লেষণ করার সময় প্রতিটি নথির উৎস এবং এই নথিতে উপস্থাপন করা হতে পারে এমন যেকোনো দৃষ্টিভঙ্গি বিবেচনা করবেন। মনে রাখবেন, কোনো নথিতে ব্যবহৃত ভাষা ও ছবি সেই নথি তৈরি করার সময়ের ঐতিহাসিক পরিপ্রেক্ষিতকে প্রতিফলিত করতে পারে।

***নির্দেশনা:*** পাঁচটি নথির প্রতিটি পড়ুন এবং বিশ্লেষণ করুন এবং একটি সুগঠিত রচনা লিখুন যাতে একটি ভূমিকা, কয়েকটি অনুচ্ছেদ, এবং একটি উপসংহার থাকবে। সমাজ বিজ্ঞানের উপর আপনার জ্ঞান ও নথিগুলো থেকে প্রাপ্ত প্রমাণের উপর ভিত্তি করে প্রাসঙ্গিক তথ্য, উদাহরণ ও বিস্তারিত তথ্য দিয়ে আপনার উত্তরটি সমর্থন করুন।

**কোনো দীর্ঘস্থায়ী সমস্যা হলো এমন একটি চ্যালেঞ্জ বা সমস্যা, যা দীর্ঘ সময় ধরে বিতর্কিত বা আলোচিত। দীর্ঘস্থায়ী সমস্যা হলো এমন একটি সমস্যা যার মোকাবিলা করার চেষ্টা করেছে বহু সমাজ, ভিন্ন পর্যায়ের সফলতা সহ।**

**কাজ:**

- এই নথিগুলোর মাধ্যমে ফুটিয়ে তোলা একটি দীর্ঘস্থায়ী সমস্যা শনাক্ত করুন ***এবং*** ব্যাখ্যা করুন
- সামাজিক বিজ্ঞান সম্পর্কে আপনার জ্ঞান এবং নথি থেকে প্রমাণ ব্যবহার করে আপনি যে সমস্যাটি নির্বাচন করেছেন তা কেন তাৎপর্যপূর্ণ ***এবং*** এটি কীভাবে স্থায়ী হয়েছে তা নিয়ে বিতর্ক করুন

**আপনার রচনায় নিশ্চিত করুন যে**

- *অন্তত* ***তিনটি*** নথির ঐতিহাসিকভাবে নির্ভুল ব্যাখ্যার উপর ভিত্তি করে দীর্ঘস্থায়ী সমস্যাটি চিহ্নিত করুন
- *অন্তত* ***তিনটি*** নথি থেকে প্রাসঙ্গিক প্রমাণ ব্যবহার করে সমস্যাটি ব্যাখ্যা করুন
- নিম্নলিখিত বিষয়গুলো দেখানোর এই দীর্ঘস্থায়ী বিষয়টি যে একটি তাৎপর্যপূর্ণ সমস্যা সে বিষয়ে যুক্তি দিন:
  - কীভাবে এই সমস্যাটি মানুষকে প্রভাবিত করেছে বা মানুষ দ্বারা প্রভাবিত হয়েছে
  - সমস্যাটি কীভাবে সমস্যা হিসেবে থেকে গেছে বা সময়ের সাথে সাথে পরিবর্তিত হয়েছে
- সমাজ বিজ্ঞান সম্পর্কে আপনার জ্ঞান ব্যবহার করে বাইরে থেকে প্রাসঙ্গিক তথ্য অন্তর্ভুক্ত করুন

অংশ III এ আপনার উত্তর লেখার সময়, এই ব্যাখ্যাগুলো অবশ্যই মনে রাখবেন:

**সনাক্ত করুন**—মানে হলো, একটি নাম দেওয়া বা নাম করা।

**ব্যাখ্যা করুন**—অর্থ সরল করা বা বোঝা যায় এমন করা; কোনো কিছুর জন্য কারণ দেওয়া বা কোনো কিছুর কারণ বলা; কোনো কিছুর যুক্তিসম্মত বিকাশ বা কোনো কিছুর সাথে সম্পর্ক।

**যুক্তি দিন**—মানে হলো, এমন কয়েকটি বিবৃতি প্রদান যা কোনো উপসংহারের সমর্থনে প্রমাণ ও কারণ প্রদান করে।

## নথি 1

বোরদু হচ্ছে ফ্রান্সের একটি শহর।

…বোরদুর শ্রমিকরাও [ফরাসী] বিপ্লবের শুরুকে এর প্রতিশ্রুতির কারণে উৎসাহ ও রাজপরিবারের প্রতিক্রিয়ার ভয়ের মিশ্রণের সাথে অভিবাদন জানিয়েছিল। সমানভাবে গুরুত্বপূর্ণ যেটি তা হল, তারা রুটির অভাব ফিরে আসার ভয় পাচ্ছিল, যা অষ্টাদশ শতাব্দী জুড়ে শহরটিকে মাঝে মাঝেই আক্রমণ করত। এই ভয়গুলি শক্ত [তৈরি] হয় শ্যাতো ট্রম্পেট নামক মধ্যযুগীয় রাজকীয় দুর্গকে ঘিরে, যাকে বলা হত "বোরদুর বাস্তিল।" 1453 সালে তৈরি এবং ফ্রন্ডের (Fronde) পরে বিশেষভাবে আকারে বৃদ্ধি পাওয়া,* এই শ্যাতো ট্রম্পেট রাজকীয় ক্ষমতার এক বিপুল—এবং কারো কারো জন্য—অস্বস্তিকর এক চিহ্ন হিসাবে। রাজকীয় অভ্যুত্থান [বিদ্রোহ] থেকে ভীত এবং রুটি সরবরাহের বিষয়ে উদ্বিগ্ন বোরদুর শ্রমিকদের জন্য এটি একটি লোভনীয় লক্ষ্য হিসাবেও চিহ্নিত হয়েছিল। 1789 এর আগস্ট নাগাদ, গুজব ছড়িয়ে পড়ে যে ট্রম্পেটে অবস্থানকারী রাজকীয় সেনাদল দুর্গের প্রবেশমুখে পরিখা খুঁড়ছে [ফাঁদ পাতছে] এবং শহরটিকে মাটির সাথে মিশিয়ে দেওয়ার জন্য রাজার আদেশের অপেক্ষা করছে। অন্যান্য গুজবে শোনা যায় যে রাজপরিবারের সমর্থকরা দুর্গের নিয়ন্ত্রণ নিয়ে বিপ্লবকে একটি আকস্মিক সমাপ্তিতে নিয়ে আসার জন্য প্রস্তুত। এর জবাবে, শহরের শ্রমিকরা দুর্গ দখল করা, এর অস্ত্রভাণ্ডার দখল করা, এবং এর ভিতরে শস্য ও ময়দার যে ভাণ্ডার ছিল বলে গুজব চলছিল তা সবার মধ্যে বিলিয়ে দেওয়ার একটি পরিকল্পনা করে।

উৎস: Stephen Auerbach, "Politics, Protest, and Violence in Revolutionary Bordeaux, 1789–1794," *Journal of the Western Society for French History,* Volume 37, 2009 (অভিযোজিত)

*ফ্রন্ড (Fronde) হচ্ছে 1648 এবং 1653 এর মধ্যবর্তী সময়ে ফ্রান্সে পরপর ঘটে যাওয়া কিছু বিদ্রোহ।

## নথি 2

20 ফেব্রুয়ারি 1913 সালে *দ্য টাইমস (The Times)* পত্রিকায় লেখা হয় যে: 'ওয়ালটন হিথ গল্ফ লিংকসের কাছে মিস্টার লয়েড জর্জ [চ্যান্সেলর অফ দ্য এক্সচেকার (Chancellor of the Exchequer)*]-এর জন্য নির্মিত একটি বাড়ি গতকাল সকালে উড়িয়ে দেওয়ার চেষ্টা করা হয়েছিল'। একটি যন্ত্র বিস্ফারিত হয়, যার ফলে প্রায় £500 এর সমপরিমাণ ক্ষতি হয়, এবং অন্যটি জ্বলে উঠতে ব্যর্থ হয়।

পরিত্যক্ত চুলের কাঁটা, টুপির পিন এবং একটি মোটর গাড়ির শব্দকেই একমাত্র সূত্র হিসাবে পাওয়ার পর, সৌভাগ্যক্রমে পুলিশ একটি স্বীকারোক্তি আদায় করে। কারণ সেই সন্ধ্যায়, কোরি হল কার্ডিফে আয়োজিত একটি সভায়, মিসেস এমেলিন প্যানখার্স্ট (Mrs Emmeline Pankhurst), উইমেন'স সোশ্যাল অ্যান্ড পলিটিক্যাল ইউনিয়ন (Women's Social and Political Union, WSPU) নামক উগ্রপন্থী ভোটাধিকার সংগঠনের অন্যতম নেত্রী, ঘোষণা করেন 'আমরা চ্যান্সেলর অফ এক্সচেকারের বাড়ি উড়িয়ে দিয়েছি' এবং আরো বলেন, 'অতীতে যা হয়েছে তার জন্য আমি দায় স্বীকার করছি। আমি পরামর্শ দিয়েছি, আমি উৎসাহ দিয়েছি, আমিই পরিকল্পনা করেছি'।…

আন্দোলনের শুরুতে, উগ্রপন্থীরা তাদের আক্রমণগুলি সরকারী সম্পত্তির দিকেই সীমাবদ্ধ রেখেছিল, কিন্তু 1911 সাল থেকে তারা ব্যক্তিগত সম্পত্তিতে হামলা চালাতে শুরু করে। প্রথমে এই হামলা শুধু দোকানের জানালা ভাঙা এবং চিঠির বাক্স [মেইলবক্স] আগুনে পুড়িয়ে দেওয়ার মধ্যেই সীমাবদ্ধ ছিল, কিন্তু নারীদের ভোট দিতে সরকারের অনুমতি দিতে অস্বীকৃতি জানানোয় অসন্তোষ বাড়তে থাকায়, এই আক্রমণগুলি ক্রমেই আরো বেশি উন্মত্ত ও গুরুতর হয়ে উঠতে থাকে। 1913 সালে উগ্রপন্থীরা একটি সমন্বিত [সুপরিকল্পিত] অগ্নিকাণ্ড অভিযান চালায়, যার মধ্যে অন্তর্ভুক্ত ছিল মানুষের বাড়িঘর, গলফ কোর্স, স্কুল এবং এমনকি গীর্জা। ডেভিড লয়েড জর্জের বাড়িতে বোমা হামলাও ছিল এই অভিযানের অংশ।…

উৎস: Elizabeth Crawford, "We Wanted to Wake Him Up: Lloyd George and Suffragette Militancy," Blog History of Government, No. 10 Guest Historian Series, National Archives UK Government, July 4, 2013

*কোষাগার

## নথি 3

…সময়টা ছিল 1977 সালের এপ্রিল, সামরিক বাহিনী কর্তৃক বামপন্থী আন্দোলনকারী এবং তাদেরকে সহযোগিতার দায়ে অভিযুক্ত লোকজনের বিরুদ্ধে তীব্র ধরপাকড় চালানোর এক বছর পর।

মিস দে বোনাফিনির (Ms de Bonafini)* বড় ছেলেকে দুই মাস আগে নিরাপত্তা বাহিনী ধরে নিয়ে গিয়েছিল।

সেই বৃহস্পতিবারে আমরা (সামরিক শাসক জর্জ) ভিদেলার কাছে একটি চিঠি পৌছে দেওয়ার উদ্দেশ্যে স্কয়ারে যাই।

"আমার মনে আছে যে মায়েদের ছোট একটি দল ছিল, যাদের কেউ কেউ ছিল আতঙ্কিত। আমাদের অনেকেই শহরের বাইরে ছোট ছোট মফস্বল থেকে এসেছিল। আমার মতো কেউ কেউ এমনকি প্রাথমিক স্কুলও শেষ করেনি। অন্যরা এমনকি লিখতে পড়তেও পারত না," তিনি বলেন।

তাদের প্রশ্নগুলোর জবাবে মিলেছিল শুধু নিরবতা। কর্মকর্তারা তাদের সাথে দেখা করতে বা তাদের সন্তানরা কোথায় তা বলতে অস্বীকৃতি জানাচ্ছিলেন।

মিস আলমেইদা বলেন, সেই সময় "হারিয়ে যাওয়ার" ধারণাটাই ছিল অজানা।

"আমরা ভেবেছিলাম আমাদের ছেলেদের বন্দী করে রাখা হয়েছে এবং একাকী কারাগারে রাখা হয়েছে, কিন্তু তারা নিশ্চয়ই বেঁচে আছে।"

সেই বৃহস্পতিবার, 30 এপ্রিল 1977 সালে, মধ্য-বিকেল নাগাদ মায়েদের একটি ছোট দল স্কয়ারে জমায়েত হয়েছিলেন।

কর্তৃপক্ষ তিনজনের বেশি মানুষের একত্রে গণজমায়েত নিষিদ্ধ ঘোষণা করেছিল, তাই সাথে সাথে পুলিশ তাদেরকে জায়গাটি ছেড়ে চলে যেতে বলার জন্য এগিয়ে আসে।

"কিন্তু, একেবারেই ভাগ্যের জোরে, তাদের জবাবে আমরা দু'জন করে পরস্পরের হাত চেপে ধরি, তারপর কাঁধে কাঁধ মিলিয়ে স্কয়ারের চারপাশে বৃত্তাকারে হাঁটতে থাকি। এর মধ্যে অবৈধ কিছুই ছিল না," বলেন মিস দে বোনাফিনি, যার বয়স এখন 83।

এটি ছিল সেই আন্দোলনের প্রথম ধাপ যা ধীরে ধীরে দক্ষিণ আমেরিকায় রাষ্ট্র-পরিচালিত নিপীড়নের সব চেয়ে নিষ্ঠুর ঘটনাগুলির একটির প্রতি আন্তর্জাতিক সচেতনতা জাগিয়ে তুলবে।…

উৎস: Vladimir Hernandez, "Argentine Mothers Mark 35 Years Marching for Justice," BBC Mundo, April 2012

*মিস দে বোনাফিনি (Ms de Bonafini) ছিলেন মাদার্স অফ দ্য প্লাজা দে মেয়ো (Mothers of the Plaza de Mayo) এর সভাপতি ও সহ-প্রতিষ্ঠাতা।

**নথি 4**

## ইরানের 1979 সালের ইসলামিক বিপ্লবকে স্মরণ করা

1979 সালকে মুসলিম বিশ্বে একটি অবিস্মরণীয় [গুরুত্বপূর্ণ] বছর হিসাবে চিহ্নিত করা হয়েছে এমন একটি ধারাবাহিক কথোপকথনের অংশ হিসেবে, স্টিভ ইনস্কিপ (Steve Inskeep) ইরানে জন্মগ্রহণকারী সাংবাদিক কাসরা নাজি'র (Kasra Naji) সাথে ইসলামী বিপ্লব সম্পর্কে কথা বলেন। নাজি সেই সময় ইরানে একজন শিক্ষার্থী ছিলেন এবং তারপর থেকে দেশের ভিতরে ও বাইরে যাতায়াতের মধ্যে আছেন। তিনি লন্ডনে বিবিসি ফারসি টেলিভিশনের একজন বিশেষ প্রতিনিধি। সেই সাথে তিনি *আহমাদিনেজাদ: ইরানের মৌলবাদী নেতার গোপন ইতিহাস* (*Ahmadinejad: The Secret History of Iran's Radical Leader*) এর লেখকও।…

স্টিভ ইনস্কিপ: ইরানের শাসকের বিতাড়ন এবং আয়াতোল্লাহ খোমেইনির (Ayatollah Khomeini) উত্থান সৃষ্টি করে ইসলামি সরকারের যা আজও ইরান শাসন করছে, এবং এখন তারা নিজেরাও রাজপথে বিক্ষোভের সম্মুখীন। বিবিসির সাংবাদিক কাসরা নাজি সেই সময় একজন তরুণ আন্দোলনকারী ছিলেন।

আমাকে একটু ধারণা দিন। 1979 এর শুরুর দিকে তেহরানের রাজপথে একজন ইরানি হওয়ার অভিজ্ঞতা কেমন ছিল?

মি. কাসরা নাজি (বিবিসি সাংবাদিক): এটি ছিল খুবই উত্তেজনাকর। 1979 এর সেই সময়ে আমরা ছিলাম বিশ্ববিদ্যালয়ের ছাত্র। আপনার হয়তো মনে আছে, সেই সময় বিশ্ববিদ্যালয়গুলিতে ছিল বাম রাজনীতির প্রাধান্য। এবং সেই দিনগুলিতে, এমনিতেও আমরা একটি বিপ্লবের জন্য অপেক্ষা করছিলাম। ইরানে যা ঘটেছে তা ছিল ঠিক তাই যার জন্য আমরা অপেক্ষা করছিলাম। আমরা চেয়েছিলাম গণতন্ত্র, আর বিপ্লব আমাদের সেই প্রতিশ্রুতি দিয়েছিল।

ইনস্কিপ: আর এমন ছবি আছে যেগুলোতে দেখা যায় যে ইরানের শাহ, সেই সময়ের শাসক, সিংহাসন ছেড়ে দেশ ত্যাগ করার সময় তেহরানের পথে পথে লক্ষ লক্ষ মানুষ ভিড় করেছে।

মি. নাজি: হ্যাঁ। এটি ছিল অত্যন্ত জনপ্রিয় এক বিপ্লব, হয়তো আপনি ধারণা করতে পারেন, যা শুধু রাজধানী তেহরান নয় বরং সমস্ত ইরানে ছড়িয়ে পড়েছিল। এমনকি দুর্গম গ্রামেও মানুষ শাহ-এর বিরুদ্ধে অস্ত্র তুলে নিয়েছিল এবং আন্দোলন করছিল। তেহরানে থাকার সময় আমি এই আন্দোলনগুলির কয়েকটিতে অংশ নিয়েছিলাম। এই বিক্ষোভগুলি, যার বেশিরভাগই ঘটেছিল রাজধানী তেহরানের কেন্দ্রীয় অংশে, তাদের বেশিরভাগই, প্রায়শই এবং সর্বদা নিরাপত্তা বজায় রাখার দায়িত্বে থাকা সেনা সদস্যদের সাথে চলমান যুদ্ধে অবতীর্ণ হত, এবং তারা ফাঁকা গুলি ছুঁড়ত, এবং মাঝে মাঝে, খুব বিরল ক্ষেত্রে, জনতার দিকেও গুলি চালাত। তারা আমাদের দিকে টিয়ার গ্যাস ছুঁড়ত। আমরা পালিয়ে যেতাম এবং পথের অন্য প্রান্তে গিয়ে আবার একত্র হতাম। এভাবেই চলছিল সব। আমরা এসব স্লোগান দিতাম: শাহ নিপাত যাক। আর বলতে পারেন, সেটিই ছিল আমাদের একতাবদ্ধ হওয়ার স্লোগান।…

উৎস: "Remembering Iran's 1979 Islamic Revolution," Special Series: Upheaval in the Muslim World, 30 Years Ago, NPR, August 17, 2009

**নথি 5**




25 মে, 1989 সালে, চাইনিজ সরকারের বিরুদ্ধে একটি আন্দোলনকে সমর্থন দিতে একটি মিছিলের সময় ব্যানার উড়িয়ে শিক্ষার্থীরা তিয়ানানমেন স্কয়ারের নিকটে বেইজিঙের পথে পথে কুচকাওয়াজ করছে।

উৎস: Catherine Henriette, “For Chinese, The Tiananmen Square Massacre is Still Too Taboo to Talk About,” *The Epoch Times,* June 4, 2015 (অভিযোজিত)

## বিকল্প পরিকল্পনার পৃষ্ঠা

## রচনা পরিকল্পনার পৃষ্ঠায় কষ্টকর বিষয়গুলো

আপনি পরিকল্পনার পৃষ্ঠার অর্গানাইজারটি আপনার সাড়া প্রদানের পরিকল্পনার ব্যবহার করতে পারেন, কিন্তু আপনার রচনাটি এখানে লিখবেন না। পরিকল্পনা পৃষ্ঠায় কিছু লিখলে তা আপনার চূড়ান্ত নম্বরের সাথে যুক্ত হবে **না**।

আমার দীর্ঘস্থায়ী সমস্যাটি হলো: ______________________________

| **রচনা লেখার প্রয়োজনীয়তাসমূহ** | হ্যাঁ | প্রযোজ্যটি বৃত্তাকারে চিহ্নিত করুন | বাইরের তথ্যের জন্য একটি বা দুটি সম্ভাব্য ধারণা |
|---|---|---|---|
| এই বিষয়টি কি অন্তত ***তিনটি*** নথি দ্বারা সমর্থিত?<br><br>কোন নথি এই বিষয়টি সমর্থন করে? | | 1 2 3 4 5 | |
| এই ব্যাপারটির ব্যাখ্যা তৈরিতে কোন নথিটি ব্যবহার করা যেতে পারে? | | 1 2 3 4 5 | |
| ব্যাপারটা কি বেশ উল্লেখযোগ্যভাবে মানুষকে প্রভাবিত করেছে অথবা মানুষ দ্বারা প্রভাবিত হয়েছে?<br><br>কোন নথিতে বা নথিগুলোতে আপনি এটি দেখছেন? | | 1 2 3 4 5 | |
| বিষয়টি কি সময়ের সাথে স্থায়ী থেকেছে না সময়ের সাথে পরিবর্তিত হয়েছে?<br><br>কোন নথিতে বা নথিগুলোতে আপনি এটি দেখছেন? | | 1 2 3 4 5 | |

এই কাজটি পর্যালোচনা করতে পৃষ্ঠা 26 এ যান।

রচনা পুস্তিকার লাইন টানা পৃষ্ঠাগুলিতে আপনার রচনা লিখুন।

REGENTS EXAM IN GLOBAL HISTORY AND GEOGRAPHY II BENGALI EDITION

পুনর্ব্যবহারযোগ্য কাগজে মুদ্রিত

REGENTS EXAM IN GLOBAL HISTORY AND GEOGRAPHY II BENGALI EDITION